

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা

বিষয় : সুরক্ষা সেবা বিভাগের মাসিক মে ২০১৭ সালের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
তারিখ ও সময় : ১১ জুন ২০১৭, বেলা ৯.৩০ টায়
স্থান : সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিত কর্মকর্তাগণের
হাজিরা : পরিশিষ্ট-'ক'

২। সভাপতি মহোদয় সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে তার সূচনা বক্তব্য প্রদান করেন। তিনি বলেন সুরক্ষা সেবা বিভাগের অধীন প্রতিটি অধিদপ্তর সংস্থা ও উইং এর মধ্যে সমন্বয়ের মাধ্যমে একটি গতিশীল ও কার্যকর সেবামুখী জনবান্ধব প্রশাসন গড়ে তুলতে হবে। কোন অনুবিভাগের কোন কর্মকর্তা প্রয়োজনে অন্য অনুবিভাগের কাজে সহায়তা প্রদান করবেন। তিনি সভায় উপস্থিত অনুবিভাগ প্রধানসহ প্রত্যেক কর্মকর্তাকে পর্যাপ্ত প্রস্তুতি নিয়ে সভায় অংশগ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি মাসিক সভার দিন অন্য কোন কর্মসূচী না রাখা এবং আবশ্যিকভাবে সভায় উপস্থিত থাকার জন্য সকল কর্মকর্তার প্রতি আহবান জানান।

অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। বিভিন্ন বিষয়ের ওপর অনুষ্ঠিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ :

নং	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত (বাস্তবায়নকারী কর্মকর্তা)
১.	গত সভার (এপ্রিল ২০১৭) কার্যবিবরণী নিশ্চিতকরণ : গত সভার (এপ্রিল ২০১৭) কার্যবিবরণী ২২ মে ২০১৭ জারি করে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে।	গত সভার (এপ্রিল ২০১৭) কার্যবিবরণী নিশ্চিত করা হলো। বাস্তবায়নে : অনুবিভাগ(সকল)/অধিশাখা(সকল)/শাখা(সকল)
২.	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা/অনুশাসন বাস্তবায়ন অগ্রগতি : সভায় জানানো হয় যে, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা/অনুশাসনগুলোর মধ্যে কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ১০টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সংশ্লিষ্ট ৯টি, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর সম্পর্কিত ৩টি এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সম্পর্কিত ০৫টি প্রতিশ্রুতি/নির্দেশনা/অনুশাসন রয়েছে। এগুলোর মধ্যে কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ২টি প্রতিশ্রুতি, যথা: প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন ও ২০০-২৫০ শয্যার হাসপাতাল নির্মাণ ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভুক্তির সিদ্ধান্ত আছে। অবশিষ্ট ৮টি বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে রয়েছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সংশ্লিষ্ট ৯টি প্রতিশ্রুতির সব কয়টি প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন আছে এবং এগুলোর বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর সংশ্লিষ্ট ৩টি নির্দেশনার মধ্যে ২টি বিষয় যথা: এমআরপি প্রদানের লক্ষ্যমাত্রা পূরণ এবং স্বল্পতম সময়ে বিদেশে পাসপোর্ট প্রেরণের কার্যক্রম চলমান এবং তা নিরবিচ্ছিন্নভাবে চলমান থাকবে। ৮টি দেশের ১০টি পাসপোর্ট ও ভিসা উইং এ কর্মকর্তা নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সম্পর্কিত ৫টি নির্দেশনা/অনুশাসন এর মধ্যে ১টি বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত। অপর ৪টি বাস্তবায়নের জন্য কার্যক্রমধীন।	ক) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা/অনুশাসনগুলির মধ্যে যে সকল প্রতিশ্রুতি বাস্তবায়ন স্বাভাবিকভাবে হচ্ছে সেগুলোর তালিকা প্রণয়ন করতে হবে। খ) যে সব প্রতিশ্রুতি বাস্তবায়নে প্রতিবন্ধকতা আছে সেগুলো আলাদা তালিকা প্রণয়ন করতে হবে। গ) প্রতিশ্রুতি বাস্তবায়নে সমস্যা/চ্যালেঞ্জ কি কি, তা পৃথকভাবে উপস্থাপন করতে হবে। প্রতিশ্রুতি বাস্তবায়নে প্রতিবন্ধকতা, চ্যালেঞ্জসমূহ নিরসনকল্পে অনুবিভাগ প্রধানগণ ব্যক্তিগতভাবে যোগাযোগ করে দ্রুত ব্যবস্থা গ্রহণ করবে। বাস্তবায়নে : অনুবিভাগ(সকল)/অধিশাখা(সকল)/শাখা(সকল)

<p>৪. মন্ত্রিসভা- বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি : সভায় অবহিত করা হয় যে, মন্ত্রিসভা বৈঠকে গৃহীত ১২টি সিদ্ধান্তের মধ্যে ৪টি সুরক্ষা সেবা বিভাগের জন্য নির্ধারিত। অপর ৮টি সিদ্ধান্ত সকল মন্ত্রণালয়/বিভাগের জন্য প্রযোজ্য। এ ৪টি সিদ্ধান্তের মধ্যে ২টি পররাষ্ট্র মন্ত্রণালয়ে, ২টি আইন মন্ত্রণালয়ে কার্যক্রমধীন রয়েছে। ই-টেভারিং বিষয়ে সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণ জানান যে, কারা ও ফায়ার সার্ভিস ও সিভিল অধিদপ্তরে ইতোমধ্যেই ই-টেভারিং এ সরকারী ক্রয় শুরু করা হয়েছে। পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরে ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে পরবর্তী সকল ক্রয় ই-টেভারিং এ করা হবে।</p>	<p>পররাষ্ট্র ও আইন মন্ত্রণালয়ে যোগাযোগের মাধ্যমে উক্ত মন্ত্রণালয়ে পেভিং ইস্যু ৪টির দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। পরবর্তী সকল ক্রয় ই-টেভারিং এর মাধ্যমে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ অনুবিভাগ।</p>																																			
<p>৫ জনবল নিয়োগ : ৫.১ বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে নতুন জনবল নিয়োগ : সভায় অবহিত করা হয়, প্রোগ্রামার এর ১টি, সিস্টেম এনালিস্ট এর ১টি, সহকারী প্রোগ্রামার এর ২টি এবং প্রশাসনিক কর্মকর্তার ৪টি শূন্য পদ সরাসরি কোটায় দ্রুততম সময়ে পূরণের লক্ষ্যে ২০ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে প্রস্তাব প্রেরণ করা হয়। কমিশনের চাহিদা অনুযায়ী পরবর্তীতে আরোও তথ্য দেয় হয়েছে।</p>	<p>১) দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে বিসিএস/অপেক্ষমান তালিকা থেকে Fast track এ নিয়োগের বিষয়টি নিশ্চিত করতে হবে। ২) শূন্য পদ পূরণে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত সম্বলিত ফোল্ডার প্রস্তুত করে সংশ্লিষ্টগণের নিকট প্রেরণ করতে হবে। বাস্তবায়নে : উপসচিব (প্রশাসন-১)</p>																																			
<p>৫.২ জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে কর্মকর্তা পদায়ন : সভায় জানানো হয় যে, জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে সুরক্ষা সেবা বিভাগের শূন্য পদে কর্মকর্তা নিয়োগের জন্য পত্র যোগাযোগ করা হলে ইতোমধ্যে ০১ জন অতিরিক্ত সচিব, ০২ জন যুগ্মসচিব, ০১ জন উপসচিব ও ০২ জন সিনিয়র সহকারী সচিব পদায়ন করা হলেও আরো পদ শূন্য রয়েছে।</p>	<p>সুরক্ষা সেবা বিভাগের শূন্য পদে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে পত্র যোগাযোগ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ অনুবিভাগ</p>																																			
<table border="1" data-bbox="151 1153 845 1545"> <thead> <tr> <th>ক্রঃ নং</th> <th>পদের নাম</th> <th>অনুমোদিত পদ</th> <th>কর্মরত</th> <th>শূন্য পদের সংখ্যা</th> </tr> </thead> <tbody> <tr> <td>১</td> <td>অতিরিক্ত সচিব</td> <td>০১</td> <td>০৬</td> <td>০০</td> </tr> <tr> <td>২</td> <td>যুগ্মসচিব</td> <td>০৬</td> <td>০৩</td> <td>০৩</td> </tr> <tr> <td>৩</td> <td>উপ সচিব</td> <td>১০</td> <td>১০</td> <td>০০</td> </tr> <tr> <td>৪</td> <td>উপ প্রধান</td> <td>০১</td> <td>০১</td> <td>০০</td> </tr> <tr> <td>৫</td> <td>সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব</td> <td>২৯</td> <td>০৮</td> <td>২১</td> </tr> <tr> <td>৬</td> <td>সিনিয়র সহকারী প্রধান</td> <td>০২</td> <td>০১</td> <td>০১</td> </tr> </tbody> </table>	ক্রঃ নং	পদের নাম	অনুমোদিত পদ	কর্মরত	শূন্য পদের সংখ্যা	১	অতিরিক্ত সচিব	০১	০৬	০০	২	যুগ্মসচিব	০৬	০৩	০৩	৩	উপ সচিব	১০	১০	০০	৪	উপ প্রধান	০১	০১	০০	৫	সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব	২৯	০৮	২১	৬	সিনিয়র সহকারী প্রধান	০২	০১	০১	
ক্রঃ নং	পদের নাম	অনুমোদিত পদ	কর্মরত	শূন্য পদের সংখ্যা																																
১	অতিরিক্ত সচিব	০১	০৬	০০																																
২	যুগ্মসচিব	০৬	০৩	০৩																																
৩	উপ সচিব	১০	১০	০০																																
৪	উপ প্রধান	০১	০১	০০																																
৫	সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব	২৯	০৮	২১																																
৬	সিনিয়র সহকারী প্রধান	০২	০১	০১																																
<p>৫.৩ পরিকল্পনা বিভাগের মাধ্যমে কর্মকর্তা পদায়ন : সভায় জানানো হয় যে, ইতোমধ্যে পরিকল্পনা বিভাগ থেকে ০১ জন উপপ্রধান পদায়ন করা হয়েছে এবং তিনি এ বিভাগে যোগদান করেছেন।</p>	<p>প্রয়োজনীয় যোগাযোগ করে একজন সিনিয়র সহকারী প্রধান পদায়নের ব্যবস্থা করতে হবে। বাস্তবায়নে : উন্নয়ন অনুবিভাগ</p>																																			
<p>৫.৪ সুরক্ষা সেবা বিভাগের জনবল নিয়োগ : সভায় জানানো হয় যে, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর ২৮-০৫-২০১৭ তারিখের ৭০৮ নং স্মারকে দৈনিক ইন্ডেফাক ও বাংলাদেশ প্রতিদিন পত্রিকার মাধ্যমে ০৪ ক্যাটাগরিতে ৩৪টি পদে জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখ ১৮ জুন ২০১৭ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত।</p>	<p>সরকারি বিধি বিধান পরিপূর্ণভাবে অনুসরণ করে দ্রুততম সময়ে শূন্য পদ পূরণ করতে হবে। বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ অনুবিভাগ</p>																																			

পেডিং বিষয়ে দ্রুত নিষ্পত্তিকরণ:

৬ মে' ২০১৭ মাসে শাখাসমূহ থেকে প্রাপ্ত বিষয়সমূহের পেডিং পরিস্থিতি নিম্নরূপ :

শাখা/ অধিশাখার নাম	গত মাসের জের	চলতি মাসে প্রাপ্ত পত্রের সংখ্যা	মোট পেডিং বিষয় /পত্র	চলতি মাসে নিষ্পত্তিকৃত পত্রের সংখ্যা	অবশিষ্ট	মাসের শেষ কার্যদিবসে অনিষ্পন্ন				মন্তব্য
						এক সপ্তাহের অধিক অথচ দুই সপ্তাহের বেশি নহে	দুই সপ্তাহ অধিক অথচ এক মাসের অধিক নহে	এক মাসের অধিক	মোট	
বহি-২	০২	১৪৮	০১	১৪৭	০০	০০	০০	০১	০১	
নিরা-২	০০	২২৫	০০	২১১	১৪	১৪	০০	০০	১৪	
বহি-৩	৫৩	১৪২	১৯৫	১৪৯	৪৬	১৬	১৫	১৫	৪৬	
কারা-১	০৫	৫০	৫৫	৪৫	১০	০৬	০৩	০১	১০	
বহি-৪	০২	২৪	২৬	২৪	০২	০০	০১	০১	০২	
বাজেট-১	০১	১০	১১	১০	০০	০১	০০	০০	০১	
বহি-১	০৬	১৫১	০৭	১৫০	০৭	০০	০৩	০৪	০৭	
অগ্নি শাখা	০০	৭৫	০০	৫০	২৫	০০	২৫	০০	২৫	
প্রশা-১	০২	১৪০	১৪২	১৩৯	০৩	০০	০০	০৩	০৩	
প্রশা-৩	০০	৬২	০০	৬২	০০	০০	০০	০০	০০	
মাদক অধিশাখা	০৩	১৩৭	১৪০	৬৯	৭১	০০	০০	০৩	০৩	
নিরা-৩	০০	১১১	১১১	৪০	৭১	০০	৫৫	১৬	৭১	

সিদ্ধান্ত:

সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী প্রতিটি শাখার সকল বিষয়সমূহ যথাসময়ে উপস্থাপন এবং নিষ্পত্তি করতে হবে।

৭ ৭.১ শাখা পরিদর্শন :

শাখা/অধিশাখা পরিদর্শনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এপ্রিল-মে'২০১৭ মাসে কর্মকর্তাগণ কর্তৃক শাখা পরিদর্শনের বিবরণ নিম্নরূপ:

নং	কর্মকর্তার নাম ও পদবী	মে/জুন ২০১৭	যে শাখা পরিদর্শন করা হয়েছে।	পরিদর্শনের তারিখ
১	জনাব মো: জাহাঙ্গীর হোসেন অতিরিক্ত সচিব (প্রশা ও অর্থ)	এপ্রিল ২০১৭	স্টোর	২৬-০৪-২০১৭
২	জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী অতিরিক্ত সচিব (অগ্নি অধিশাখা)	এপ্রিল ২০১৭	অগ্নি অধিশাখা	২৯-০৪-২০১৭
৩	জনাব মো: হেলাল উদ্দিন, এনডিসি যুগ্মসচিব (বহিরাগমন)	এপ্রিল ২০১৭	বহি-২	৩০-০৪-২০১৭
৪	জনাব সৈয়দা সালামা জাফরীন উপসচিব (বহিরাগমন-২)	মে ২০১৭	বহি-২	০২-০৫-২০১৭
৫	জনাব মো: সফিকুর রহমান সহকারী সচিব	মে ২০১৭	নিরা-২	২৮-০৫-২০১৭
৬	জনাব মো: হেলাল উদ্দিন, এনডিসি যুগ্মসচিব (বহিরাগমন)	মে ২০১৭	বহি-৩	০৪-০৫-২০১৭
৭	জনাব মনিরা হক সি:সহ: সচিব (বহিরাগমন-২)	এপ্রিল ২০১৭	বহি-৩	২৬-০৪-২০১৭
৮	জনাব আনিসুল ইসলাম সি: সহ: সচিব (কারা-১)	মে ২০১৭	কারা-১	২১-০৫-২০১৭
৯	জনাব এ.কে.এম মুখলেছুর রহমান উপসচিব (বহি-৪)	মার্চ	বহি-৪	২৭-০৩-২০১৭
১০	জনাব মো: হেলাল উদ্দিন, এনডিসি যুগ্মসচিব (বহিরাগমন)	এপ্রিল	বহি-৪	২৬-০৪-২০১৭
১১	জনাব বিজয় কৃষ্ণ দেবনাথ উপসচিব (বাজেট-১,২)		শূন্য	
১২	জনাব মো: হেলাল উদ্দিন, এনডিসি যুগ্মসচিব (বহিরাগমন)	এপ্রিল	বহি-১	২৫-০৪-২০১৭
১৩	জনাব দীপংকর বিশ্বাস উপসচিব (প্রশা-১)	মে	প্রশা-১	২৫-০৫-২০১৭
১৪	জনাব ফেরদৌস রওশন আর উপসচিব (মাদক)	মে	মাদক অধিশাখা	২৩-০৫-২০১৭
১৫	জনাব মোহাম্মদ মাসুদুর রহমান ভূইয়া উপসচিব (নিরা-৩)	এপ্রিল	নিরা-৩	৩০-০৪-২০১৭

১৬	জনাব সাগরিকা নাসরিন উপসচিব (অগ্নি অধিশাখা)	মে	অগ্নি অধিশাখা	০৭-০৫-২০১৭
১৭	জনাব এফ এম তোহিদুল আলম সহকারী সচিব (আইন-১)	মে	আইন-১	৩০-০৫-২০১৭
১৮	জনাব এফ এম তোহিদুল আলম সহকারী সচিব (আইন-২)	মে	আইন-২	৩০-০৫-২০১৭
১৯	জনাব মো: আলাউদ্দিন পাটোয়ারী সহকারী সচিব (শৃঙ্খলা-১)	মে	শৃঙ্খলা-১	৩০-০৫-২০১৭
২০	জনাব মো: আলাউদ্দিন পাটোয়ারী সহকারী সচিব (শৃঙ্খলা-২)	মে	শৃঙ্খলা-২	৩০-০৫-২০১৭

সিদ্ধান্ত : সচিবালয় নির্দেশমালা অনুসরণ করে সকল কর্মকর্তা ০২ মাসে অন্তত ০১ বার তার অধীনস্থ শাখা/অধিশাখা পরিদর্শন করবেন এবং পরিদর্শন প্রতিবেদন সচিব, সুরক্ষা সেবা বিভাগ বরাবর প্রেরণ করবেন।

যে সকল শাখা প্রধান শাখা পরিদর্শন করেননি তাদেরকে সতর্ক করা হয় এবং জুন' ২০১৭ মাসেই পরিদর্শনের জন্য নির্দেশনা দেয় হয়।

উইং প্রধানগণও সময় সময় অধীনস্থ শাখাসমূহ পরিদর্শন করবেন।

বাস্তবায়নে : অনুবিভাগ/অধিশাখা/শাখা (সকল)

৭.২ নথি শ্রেণি বিণ্যাসকরণ :

সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী পুরাতন নথি শ্রেণিকরণ বিষয়ে অগ্রগতি নিম্নরূপে সভায় উপস্থাপন করা হয়।

নং	শাখার নাম	শাখার মোট নথির সংখ্যা	পূর্ববর্তী মাসে শ্রেণিবিন্যাসকৃত নথির সংখ্যা	মে মাসে শ্রেণিবিন্যাসকৃত নথির সংখ্যা	অবশিষ্ট অশ্রেণিবিন্যাসকৃত নথির সংখ্যা
১	বহি-২	৪৪১	৪৫	৪৭	৩৪৯
২	নিরা-২	২২৫	০০	১০	২১৫
৩	বহি-৩	৬২০	১১	১৬	০০
৪	কারা-১	২০০	১০	৫০	১৪০
৫	বহি-৪	৫১৫	১২	২০	৪৮৩
৬	বাজেট-১	২০	২০	০০	০০
৭	বাজেট-২	০৪	০৪	০০	০০
৮	বহি-১	২৫৭	১০	১০	২৩৭
৯	অগ্নি শাখা	৩২০	৩০	২০	২৭০
১০	প্রশা-১	২৫১	১৯৮	৩৭	১৬
১১	মাদক অধিশাখা	৩৮৬	১৩০	৬০	১৯৬
মোট		৩২৩৯	৪৭০	২৭০	১৯০৬

নথি বাছাই ও বিনষ্টকরণের বিষয়ে সহকারী সচিব জনাব মো: আলাউদ্দিন পাটোয়ারী একটি প্রতিবেদন দাখিল করেছেন।

বহি-৩ ও নিরা-৩ শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সভাকে আরো জানান যে শ্রেণিকরণকৃত নথিসমূহ আলাদাভাবে সংরক্ষণ করার জন্য প্রয়োজনীয় খালি জায়গা নেই।

সিদ্ধান্ত:

ক) প্রত্যেক শাখা প্রতি মাসে কমপক্ষে ২০টি নথি শ্রেণীকরণ করবে।

খ) উইং ভিত্তিক নথি শ্রেণিকরণ অর্থাৎ পূর্ববর্তী মাসে কয়টি, বর্তমান মাসে মোট কয়টি নথি শ্রেণিকরণ করা হয়েছে তা ম্যাট্রিক্স (ছক) আকারে সভায় জানাতে হবে।

গ) বহি-৩ ও নিরা-৩ শাখার শ্রেণিকরণকৃত নথিসমূহ সংরক্ষণ করার জন্য প্রশাসন-১ শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

ঘ) বহি-২, কারা-১ ও মাদক অধিশাখার মে মাসে নথি শ্রেণিকরণে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হওয়ায় সভাপতি মহোদয় সংশ্লিষ্ট শাখা প্রধানগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

ঙ) নথি বিনষ্টকরণের বিষয়ে জনাব মো: আলাউদ্দিন পাটোয়ারী গত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রতিবেদন দাখিল করায় তাকে সভাপতি মহোদয় ধন্যবাদ জ্ঞাপন করেন।

৮	<p>ফাইলিং :</p> <p>সভায় জানান হয় যে, সুরক্ষা সেবা বিভাগে ই-ফাইলিং কার্যক্রম শুরুর যাবতীয় প্রস্তুতি ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। ফ্রন্টডেস্ক স্থাপন করা হয়েছে। তবে সুরক্ষা সেবা বিভাগের LAN (Local Area Network) স্থাপনের কার্যক্রম এখনও শেষ না হওয়ায় এবং ইন্টারনেট সংযোগ না থাকায় ই-ফাইলিং কার্যক্রম শুরু করতে দেরি হচ্ছে। সভাকে আরো জানানো হয় যে, ৬০ ব্যান্ড উইডথ ইন্টারনেট সংযোগ স্থাপনের লক্ষ্যে ইতোমধ্যে সার্ভার স্থাপনসহ সকল কার্যক্রম হাতে নেয়া হয়েছে। অতি দ্রুত ৬০ এমবিপিএস ব্যান্ডউইথ ক্ষমতাসম্পন্ন ইন্টারনেট সংযোগ স্থাপিত হবে। এবং সঙ্গে সঙ্গে ই-ফাইলিং কার্যক্রম পুরোদমে শুরু হবে।</p>	<p>সিদ্ধান্ত:</p> <p>ক) সুরক্ষা সেবা বিভাগের জন্য প্রয়োজনীয় ৬০ mbps Bandwidth সম্বলিত পৃথক Dedicated ইন্টারনেট সংযোগ স্থাপন দ্রুত নিতে হবে।</p> <p>খ) জরুরিভিত্তিতে যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করে পূর্ণাঙ্গ ই-ফাইলিং কার্যক্রম শুরু করতে হবে।</p> <p>গ) ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পত্তির প্রতিবেদন প্রতিটি অনুবিভাগ হতে পৃথকভাবে নিতে হবে।</p> <p>ঘ) পিএসসি এর মাধ্যমে সহকারী প্রোগ্রামার নিয়োগ না হওয়া পর্যন্ত অধিদপ্তর থেকে সহকারী প্রোগ্রামার আনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ অনুবিভাগ</p>
৯.	<p>প্রশিক্ষণ :</p> <p>সুরক্ষা সেবা বিভাগের অভিজ্ঞ ও দক্ষ জনবল গঠনের লক্ষ্যে ৬০ ঘন্টার প্রশিক্ষণ পরিকল্পনার বিষয়ে সভায় আলোচনা করা হয়। বছরে ৬০ ঘন্টার প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে যথারীতি প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অব্যাহত আছে বলে সভায় জানানো হয়।</p>	<p>ক) নীতিমালা অনুযায়ী সকল কর্মকর্তা-কর্মচারীগণের জন্য বছরে ৬০ ঘন্টা প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।</p> <p>খ) প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ছকে উপস্থাপন করতে হবে।</p> <p>বাস্তবায়নে : উপসচিব (কারা-১)</p>
১০	<p>মামলা নিষ্পত্তি :</p> <p>মামলার তালিকা সম্পর্কে সভাকে জানানো হয় যে, মামলাসমূহের তালিকা প্রণয়ন করা হয়েছে এবং নথি ফেরত নেয়ার জন্যও অনুরোধ করা হয়েছে। সংশ্লিষ্ট উইং প্রধান সভাকে জানান দ্রুত বিচার সংক্রান্ত ৯৬টি নথি, গুলি বর্ষন সংক্রান্ত ৩১৫টি নথি এবং আদালতে রীট ৩৭২টি নথি।</p> <p>তিনি আরো জানান যে, সুরক্ষা সেবা বিভাগের কোন মামলা নেই।</p>	<p>কত তারিখে নথি ফেরত নেয়ার জন্য জননিরাপত্তা বিভাগকে অনুরোধ করা হয়েছে কার্যপত্রে তারিখ উল্লেখ করে দিতে হবে।</p> <p>বাস্তবায়নে : আইন ও শৃংখলা অনুবিভাগ</p>
১১	<p>বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন :</p> <p>সুরক্ষা সেবা বিভাগে অনুবিভাগ/অধিশাখা/শাখা হতে আসবাবপত্র, যন্ত্রপাতি, স্টেশনারী ও বিবিধ মালামালের চাহিদা সংগ্রহ করে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়নের ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। প্রত্যেক অনুবিভাগ/অধিশাখা/শাখা হতে মালামালের তালিকা প্রাপ্তির পর এই ২০১৬-১৭ বছরের অবশিষ্ট সময়ের একটি ক্রয় পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। প্রিন্টার স্ক্যানার ও ইউপিএসসহ ১৫ টি কম্পিউটার ক্রয়ের লক্ষ্যে সকল কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। খুব শীঘ্রই মালামাল গ্রহণ করা হবে।</p>	<p>ক) পরবর্তী অর্থ বছরের ক্রয় পরিকল্পনা জুলাই ২০১৭ সালের মধ্যে শেষ করতে হবে।</p> <p>খ) ২০ জুলাই ২০১৭ সালের মধ্যে নথি পেশ করতে হবে।</p> <p>বাস্তবায়নে : প্রশাসন-২ অধিশাখা</p>
১২	<p>অডিট আপত্তি নিষ্পত্তি</p> <p>সভাকে জানানো হয় যে, ২৮-০৫-২০১৭ তারিখের পত্রের মাধ্যমে ৪টি অধিদপ্তরের অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগের ফোকাল পার্সন ও কার্যপরিধি উল্লেখ পূর্বক মনোনয়ন প্রদান করা হয়েছে।</p> <p>সভাকে আরো জানানো হয় যে গত মাসে কারা অধিদপ্তরের সম্পর্কিত ০১টি ত্রি-পক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ২৩টি আপত্তি আলোচনা করা হয়েছে। তন্মধ্যে ১৯টি আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে।</p>	<p>ক) অধিদপ্তর সংশ্লিষ্ট অডিট ফোকাল কর্মকর্তা অধিদপ্তর এবং অডিট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার আয়োজন করবেন।</p> <p>খ) অধিদপ্তরের ফোকাল কর্মকর্তা যথাসময়ে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র সকল প্রমাণক সহযোগে যথাসময়ে প্রস্তুত নিশ্চিত করবেন।</p> <p>গ) দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভায় গৃহীত অডিট আপত্তি নিষ্পত্তির সুপারিশ বাস্তবায়নের মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</p> <p>ঘ) উইং প্রধানগণ সংশ্লিষ্ট অধিদপ্তরসমূহের অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম মনিটরিং করবেন।</p>

<p>১৩ <u>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :</u></p> <p>সভাকে জানানো হয় যে ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদনের প্রথম খসড়া প্রণয়ন সম্পন্ন করে সংস্কার ও সমন্বয় বিভাগে গত ০৮-০৬-২০১৭ তারিখে জমা দেয়া হয়েছে। ১৯-০৬-২০১৭ তারিখে এ বিভাগের সাথে অধিদপ্তরসমূহের এবং ০৬-০৭-২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে এ বিভাগের চুক্তি সম্পাদিত হবে।</p>	<p>২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদনের চুক্তি যথাসময়ে ও যথাযথভাবে সম্পন্ন করতে হবে।</p> <p><u>বাস্তবায়নে:</u> অতিরিক্ত সচিব (অগ্নি)/অনুবিভাগ/অধিশাখা/শাখা/অধিদপ্তর(সকল)</p>
<p>১৪ <u>ওয়েবসাইট :</u></p> <p>সভাকে জানানো হয় যে, সুরক্ষা সেবা বিভাগের ওয়েবসাইটের কয়েকটি মেনুর তথ্য হালনাগাদ করা হয়েছে। অন্যান্য সকল তথ্যাদি সন্নিবেশনের কার্যক্রম চলমান আছে।</p> <p>সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাগণের মধ্যে কে কে নিয়মিত ওয়েবসাইট ভিজিট করেন তা জানতে চাইলে সভায় উপস্থিত কর্মকর্তাগণ জানান, তারা প্রত্যেকে ওয়েবসাইট ভিজিট করছেন।</p>	<p>ক) ওয়েবসাইট হালনাগাদকরণের জন্য নিম্নবর্ণিত কমিটি পুনর্গঠন করা হল।</p> <p>১) জনাব মোঃ মাসুদুর রহমান, উপসচিব (নিরাপত্তা-৩) কে ফোকাল পার্সন</p> <p>২) জনাব আনিসুজ্জামান, সিনিয়র সহকারী সচিব, (কারা-১) সদস্য</p> <p>৩) জনাব মনিরা হক, সিনিয়র সহকারী সচিব, (বহিরাগমন-৩) সদস্য</p> <p>খ) দ্রুততম সময়ে ওয়েবসাইট আপডেট করতে হবে ;</p> <p>গ) কর্মকর্তাগণ সপ্তাহে কমপক্ষে একবার ওয়েবসাইট পরিদর্শন করবেন ;</p> <p>ঘ) ওয়েবসাইট পরিদর্শনের পর কোন সংশোধনী কিংবা উন্নয়নমূলক প্রস্তাব থাকলে সেটি ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অবহিত করবেন ;</p> <p>ঙ) গুরুত্বপূর্ণ সভার নোটিশ ওয়েবসাইটে দিতে হবে ;</p> <p>চ) ফটোগ্যালারি সময় সময়ে আপডেট করতে হবে ;</p> <p>ছ) কোন পরামর্শ থাকলে ফোকাল পার্সন অথবা কমিটিকে অবহিত করতে হবে।</p> <p><u>বাস্তবায়নে :</u> সংশ্লিষ্ট কমিটি/সকল অনুবিভাগ/অধিশাখা/শাখা (সকল)</p>
<p>১৫ <u>বিবিধ :</u></p> <p>১৫.১ ২০১৫-১৬ সালের বার্ষিক প্রতিবেদন প্রকাশ :</p> <p>সভাকে জানানো হয় যে, বার্ষিক প্রতিবেদনের জন্য গঠিত কমিটি কৃতক প্রাথমিক খসড়া প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। আগামী ২৫ জুলাই ২০১৭ তারিখের মধ্যে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হবে।</p>	<p>আগামী জুলাই ২০১৭ এর ২য় সপ্তাহের মধ্যে বার্ষিক প্রতিবেদন প্রেসে প্রেরণ করতে হবে।</p> <p><u>বাস্তবায়নে :</u> সংশ্লিষ্ট কমিটি</p>
<p>১৫.২ অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, জাতীয় শুদ্ধাচার কৌশল, উদ্ভাবনী কার্যক্রম, তথ্য অধিকার আইন বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে সভায় আলোচনা হয় এবং সভায় জানানো হয়, এ সংক্রান্ত প্রতিটি বিষয়ে গঠিত ফোকাল পার্সন নিয়মিত প্রতিবেদন প্রেরণ করছেন।</p>	<p>মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনানুযায়ী ও অন্যান্য জাতীয় কর্মসূচি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে উদ্যোগী ভূমিকা পালন করতে হবে।</p>
<p>১৫.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) বাস্তবায়নের সমস্যা চিহ্নিতকরণ, সমস্যা নিরসনে প্রয়োজনীয় সুপারিশ প্রদান, বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সভায় প্রতিবেদন উপস্থাপন এর জন্য নিম্নরূপ কমিটি গঠন হয়।</p> <p>১) মোঃ হেদায়েত উল্লাহ চৌধুরী, অতিরিক্ত সচিব (উন্নয়ন), ফোকাল পার্সন</p> <p>২) মোঃ মাহবুবুর রব, উপ প্রধান (পরিকল্পনা কোষ), সদস্য</p> <p>খ) প্রত্যেক সংস্থা হতে ০১ জন ফোকাল পার্সন নিতে হবে।</p>	<p>গঠিত কমিটির কার্যক্রম চলমান রয়েছে।</p>

<p>৪ জেলা পরিদর্শন সংক্রান্ত বিষয়ে সভাপতি সভায় বিশেষ গুরুত্ব আরোপ করেন। পরিদর্শনকালে জেলায় অবস্থিত ০৪টি বিভাগের উন্নয়ন কর্মকাণ্ডসহ চলমান কার্যক্রম পরিদর্শন এবং এতদবিষয়ে পর্যবেক্ষণ ও সুপারিশসহ সংশ্লিষ্ট অনুবিভাগে প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা দেন। তিনি প্রকল্প পরিচালক এবং উপ-প্রধানকে সুরক্ষা সেবা বিভাগের সকল কর্মকর্তার নিকট চলমান প্রকল্পসমূহের তালিকা সরবরাহ করার জন্য অনুরোধ করেন।</p>	<p>১৫.৪ ক) প্রত্যেক কর্মকর্তাকে যথারীতি জেলা পরিদর্শন করতে হবে। খ) পরিদর্শনকালে জেলায় অবস্থিত ০৪টি দপ্তরের চলমান ও উন্নয়নমূলক কার্যক্রম পর্যবেক্ষণ করতে হবে। গ) উন্নয়নমূলক প্রকল্পগুলোর তালিকা সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও উপ-প্রধান এ বিভাগের কর্মকর্তাগণের নিকট সরবরাহ করবেন।</p>
<p>১৫.৫ বিদেশ সফর বিষয়ক প্রতিবেদন উপস্থাপন</p>	<p>১৫.৫ বিদেশ সফরের বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের যথারীতি প্রতিবেদন উপস্থাপন করতে হবে।</p>
<p>১৫.৬ বিষয়ভিত্তিক আড্ডা : যুগ্ম সচিব (আইন ও শৃংখলা) সভাকে জানান যে গত মে ২০১৭ তারিখে একটি সোস্যাল মিডিয়া ভিত্তিক আড্ডা অনুষ্ঠিত হয়েছে। তিনি আরো জানান যে প্রত্যেক কর্মকর্তার নিকট আগামি সভার আড্ডার বিষয় নির্ধারণকরণ বিষয়ে মতামত দেয়ার জন্য পত্র দেয়া হয়েছে।</p>	<p>১৫.৬ প্রতিমাসে কমপক্ষে একবার বিষয়ভিত্তিক আড্ডা এর আয়োজন করতে হবে। এ বিষয়ে জনাব সালমা বেগম, যুগ্ম সচিব (আইন ও শৃংখলা) ফোকাল পয়েন্ট এর দায়িত্ব পালন করবেন।</p>

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী

সচিব

সুরক্ষা সেবা বিভাগ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়